রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, এপ্রিল ১৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**যুব-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০২ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৬০.০৪.০০৬.১৬-২৭৪**—ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কেন্দ্রীয় সমন্বয় কমিটির ১০ম সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সমাপ্ত হয়েছে এমন জেলা ও উপজেলার ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

(ক) **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২. | পরিচালক (ন্যাশনাল সার্ভিস কর্মসূচি), যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |
| ৩. | অর্থ বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৪. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৫. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৬. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৭. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৮. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ৯. | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১০. | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ১১. | মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ১২. | বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ১৩. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ১৪. | উপসচিব (যুব-২)/সিনিয়র সহকারী সচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

(খ) **কমিটির কার্যপরিধি :** কমিটি ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সমাপ্ত হয়েছে এমন জেলা ও উপজেলার উপকারভোগীদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সির নিকট প্রয়োজনীয় কার্যক্রম/ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে।

(গ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কোন বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল আওয়াল**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd